

ইবিতে ছোট গেট থেকে বড় দরজায়: নতুন রূপ পাচ্ছে

ইবি সংবাদদাতা

প্রকাশিত: ২০:৫৫, ৮ নভেম্বর ২০২৪; আপডেট: ২০:৫৮, ৮ নভেম্বর ২০২৪



বর্তমান অবস্থা

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) বঙ্গবন্ধু হল সংলগ্ন চক্রাকার পকেট গেটটি ভেঙ্গে ফেলা হয়েছে। সেই গেট ভেঙ্গে নতুন করে 'বড় গেট' বানানো হচ্ছে বলে প্রকৌশল অফিস সূত্র জানিয়েছে। শুক্রবার সকালের গেটটি ভেঙ্গে ফেলা হয়েছে। নিরাপত্তা জোড়দার করার এবং সেখানে সার্বক্ষণিক নিরপত্তারক্ষী রাখার সিদ্ধান্ত হয়েছে বলে জানা গেছে।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের একটি বড় অংশ শেখপাড়া সংলগ্ন বিভিন্ন মেসে থাকেন। হলে থাকা শিক্ষার্থীরাও বিভিন্ন প্রয়োজনে শেখপাড়া বাজারে যাওয়ার জন্য ওই চক্রাকার পকেট গেটটি ব্যবহার করতেন।



পূর্বের অবস্থা

শিক্ষার্থীরা জানান, ছোট গেট ভেঙ্গে বড় গেট করার সিদ্ধান্তকে সাধুবাদ জানাই। তবে নিরাপত্তা নিশ্চিতের জন্য সবসময় নিরাপত্তা প্রহরী রাখতে হবে। তাছাড়া ওই গেট দিয়ে মেসে থাকা কয়েক হাজার শিক্ষার্থী যাতায়াত করে। তাই সার্বক্ষণিক ছোট গেটটি খোলা রাখতে হবে। আর ওই গেট সংলগ্ন ক্যাম্পাসের ভেতরের অংশের রাস্তাটির অবস্থা বেহাল। বৃষ্টি হলেই কাঁদা পানিতে ভরে যায়। হাটাচলা করা কষ্ট হয়ে যায়। তাই রাস্তাটিরও সংস্কার জরুরি।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী শরীফ উদ্দীন বলেন, ওই গেটটি ভেঙ্গে নতুন করে বড় গেট তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বড় গেটের পাশাপাশি ছোট একটা পকেট গেট রাখা হবে। ওখানে আগে থেকেই একটা পকেট গেট ছিল। ওটা বিভিন্ন সময় ভেঙ্গে দেওয়া হয়। বিভিন্ন প্রেক্ষাপটে বন্ধ করে রাখতে হয়। এজন্য এমনভাবে করা হবে পকেট গেটটা নির্দিষ্ট সময়ের জন্য খোলা থাকবে। তালা সিস্টেম থাকবে। সেখানে গার্ড থাকবে। আর বড় গেটটি সবসময় বন্ধ থাকবে।



বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. শাহিনুজ্জামান বলেন, অনেক শিক্ষার্থীই ওই গেটটি দিয়ে যাতায়াত করে। নিরাপত্তা শঙ্কার কথা ভেবেই আমরা এই সিদ্ধান্ত নিয়েছি। উপাচার্য স্যার সহ আমরা বিভিন্ন জায়গা পরিদর্শন করেছিলাম। সেখানে প্রাচীরও ভেঙ্গে পড়েছে বিভিন্ন জায়গায়। উপাচার্য স্যারের পরামর্শক্রমেই সেখানে বড় একটা গেট করা হচ্ছে। ভাঙ্গা প্রাচীরগুলোও মেরামত করা হবে। তাছাড়া নিরাপত্তা নিশ্চিতের জন্য সেখানে সার্চলাইট লাগানো হবে এবং সার্বক্ষণিক নিরাপত্তাপ্রহরী রাখা হবে।

রাজু